

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ৭, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ৮ ডিসেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ

নং পৌর-২/৪৬.০০.০০০০.০৬৪.৩১.০১২.২০১২/১৩৯০—যেহেতু আপনি জনাব মোঃ নুরনবী প্রামানিক (সাজু) নির্বাচিত হয়ে সুন্দরগঞ্জ পৌরসভার মেয়র পদে দায়িত্ব পালন করছেন;

এবং যেহেতু, দীর্ঘদিন অনুপস্থিতি, স্বেচ্ছাচারিতা এবং বিভিন্ন প্রকার অনিয়ম ও দুর্নীতির কারণে আপনার বিরুদ্ধে সুন্দরগঞ্জ পৌরসভার ১০ (দশ) জন কাউন্সিলর অনাস্থা প্রস্তাব উত্থাপন করেন;

এবং যেহেতু, একজন জনপ্রতিনিধি হয়ে দায়িত্ব ও কর্তব্য কাজে অবহেলা ও গাফিলতি করেছেন;

এবং যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়টি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক তদন্তে প্রমাণিত হয়েছে এবং অনাস্থা প্রস্তাবটি আইন অনুযায়ী গৃহীত হয়েছে;

এবং যেহেতু, এরূপ অভিযোগের কারণে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৮(১২) বিধান মতে পৌর মেয়রের পদ শূন্য ঘোষণার বিধান রয়েছে;

এবং যেহেতু, সরকার গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ পৌরসভার মেয়রের পদ শূন্য ঘোষণার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

(১০৫)

মূল্য : টাকা ৪.০০

সেহেতু, জনাব মোঃ নুরুল্হী প্রামানিক (সাজু), মেয়র, সুন্দরগঞ্জ পৌরসভাকে স্বীয় পদ হতে অপসারণপূর্বক স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৮(১২) বিধান মোতাবেক গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ পৌরসভার মেয়রের পদ শূন্য ঘোষণা করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কাজী আসাদুজ্জামান

উপ-সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd